

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের (চবি) বিভিন্ন বিভাগের স্থগিত হওয়া পরীক্ষা নেওয়ার বিষয়ে এখনও কোনো আলোচনা করেনি কর্তৃপক্ষ। ফলে স্থগিতের সিদ্ধান্তই বহাল থাকছে। গত ২৪ ফেব্রুয়ারি চলমান পরীক্ষা স্থগিত করার প্রতিবাদে শিক্ষার্থীরা সমাবেশ করলে সিদ্ধান্ত পর্যালোচনার আশ্বাস দেন প্রক্টর রবিউল হাসান ভূঁইয়া। গতকাল সোমবার শিক্ষার্থীদের সেই পর্যালোচনার ফলাফল জানানোর কথা ছিল।

সোমবার প্রক্টর রবিউল হাসান জানিয়েছেন, পরীক্ষা পুনরায় চালুর বিষয়ে কোনো আলোচনা হয়নি। পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত পরীক্ষা স্থগিত থাকবে।

ইংরেজি বিভাগের শিক্ষার্থী শাহ মোহাম্মদ শিহাব বলেন, দুই থেকে তিনটি পরীক্ষার জন্য শিক্ষার্থীরা আটকে আছেন। এজন্য সিদ্ধান্ত পুনর্বিবেচনা করতে হবে। কর্তৃপক্ষ পুনরায় পরীক্ষা নেওয়ার সিদ্ধান্ত না নিলে সব বিভাগের শিক্ষার্থীদের সঙ্গে আলোচনা করে পরবর্তী কর্মসূচি ঠিক করা হবে। বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার এস এম মনিরুল হাসান সমকালকে বলেন, 'আমরা একা কোনো সিদ্ধান্ত নিতে পারি না। এ ছাড়া ছাত্র উপদেষ্টা শিক্ষা মন্ত্রণালয় বরাবর চিঠি দিয়েছে। এখন মন্ত্রণালয় থেকে ইউজিসি হয়ে পরীক্ষার বিষয়ে নির্দেশনা এলে তা কার্যকর করা হবে। আমরা অপেক্ষা করছি।'